

বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে বিদেশ মন্ত্রণালয়ে তলব করা হয়েছে

17 ডিসেম্বর, 2025

আজ (ডিসেম্বর 17, 2025) ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মহামহিম শ্রী রিয়াজ হামিদুল্লাহকে বিদেশ মন্ত্রণালয়ের পক্ষ থেকে তলব করা হয় এবং বাংলাদেশে ক্রমশ অবনতিশীল নিরাপত্তা পরিস্থিতি নিয়ে ভারতের গভীর উদ্বেগ সম্পর্কে তাকে অবহিত করা হয়। বিশেষভাবে তাঁর দৃষ্টি আকর্ষণ করা হয় কিছু উগ্রপন্থী গোষ্ঠীর কার্যকলাপের দিকে, যারা ঢাকায় অবস্থিত ভারতীয় মিশনের আশপাশে নিরাপত্তা সংক্রান্ত সংকট সৃষ্টি করার পরিকল্পনা ঘোষণা করেছে।

2. বাংলাদেশে সম্প্রতি ঘটে যাওয়া কিছু ঘটনা সম্পর্কে উগ্রপন্থী গোষ্ঠীগুলোর দ্বারা তৈরি করা ভ্রান্ত বর্ণনাকে ভারত সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করে। এটি দুর্ভাগ্যজনক যে অন্তর্বর্তী সরকার ঘটনাগুলোর বিষয়ে না তো কোনো পূর্ণাঙ্গ তদন্ত পরিচালনা করেছে, না ভারতের সাথে তাৎপর্যপূর্ণ প্রমাণাদি ভাগ করে নিয়েছে।

3. মুক্তিযুদ্ধের ভিত্তিতে গড়ে ওঠা এবং বিভিন্ন উন্নয়নমূলক ও জনসংযোগ মূলক উদ্যোগের মাধ্যমে আরও সুদৃঢ় হওয়া বাংলাদেশের জনগণের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। আমরা বাংলাদেশে শান্তি ও স্থিতিশীলতার পক্ষে এবং শান্তিপূর্ণ পরিবেশে অবাধ, সুষ্ঠু, অন্তর্ভুক্তিমূলক ও বিশ্বাসযোগ্য নির্বাচনের জন্য ধারাবাহিকভাবে আহ্বান জানিয়ে আসছি।

4. আমরা প্রত্যাশা করি যে অন্তর্বর্তী সরকার তার কূটনৈতিক দায়বদ্ধতা অনুযায়ী বাংলাদেশে অবস্থিত মিশন ও পোস্টগুলোর নিরাপত্তা নিশ্চিত করবে।

নয়া দিল্লি

17 ডিসেম্বর, 2025